



মূল্যায়ন এর উত্তর পত্র

শ্রেণি - দ্বিতীয়

২য় পর্ব ২০২০

বিষয়ঃ বাংলা (দাদির হাতের মজার পিঠা ও দুখুর ছেলেবেলা)

তারিখঃ ১০/০৮/২০২০

সময়ঃ ১ ঘন্টা ৩০ মিঃ

পূর্ণমানঃ ৫০

১। শব্দার্থ লিখঃ

১২

ক) মজাদার - সুস্বাদু, স্বাদের খাবার

খ) ভানা - শস্য থেকে খোসা বা তুষ ছাড়িয়ে নেওয়া।

গ) উনুন - চুলা

ঘ) ভাপ - গরম পানির ধোঁয়া

ঙ) অঞ্চল - এলাকা, দেশের বিভিন্ন অংশ।

চ) অনুষ্ঠান - আয়োজন, উৎসব

ছ) জাতীয় - জাতির নিজস্ব।

জ) তরতর - তাড়াতাড়ি

ঝ) টলটলে - পরিষ্কার

ঞ) মকতব - মুসলমান বালক - বালিকাদের প্রাথমিক বিদ্যালয়।

ট) বাদাড় - জঙ্গল

ঠ) ডাঁশা - পাকা ও কাঁচার মাঝামাঝি।

২। শূন্যস্থান পূরণ করঃ

১৪

ক) বাংলাদেশে _____ পিঠা পুলি খাওয়ার ধুম পড়ে যায়। উঃ শীতকালে

খ) ধান ভানার পর সেই চাল _____ করা হয়। উঃ গুঁড়ো

গ) একেক অঞ্চল একেক পিঠার জন্য _____। উঃ বিখ্যাত

ঘ) দাদি পিঠা বানানোর জন্য ছাঁচে _____ নিলেন। উঃ চালের গুঁড়ো

ঙ) _____ অনুষ্ঠানে পিঠা খাওয়া হয়। উঃ নানা ধরনের

চ) _____ দিয়ে তৈরি হয় ভাপা পিঠা। উঃ ভাপ

ছ) পলা _____ শ্রেণিতে পড়ে। উঃ প্রথম

জ) চুরুলিয়া গ্রাম _____ ঘেরা। উঃ গাছপালায়

ঝ) দুখুদের বাড়ির পাশেই রয়েছে একটি _____। উঃ মসজিদ

ঞ) দুখু মিয়ার গান শুনে সবাই _____ হতো। উঃ মুগ্ধ

ট) গাছের শাখায় শাখায় _____ ঘুরে বেড়ায়। উঃ কাঠবিড়ালি

ঠ) দুখুর _____ দুটো বড় বড় ছিল। উঃ চোখ

ড) তালপুকুরের পানি _____। উঃ টলটলে

ঢ) কাজী নজরুল ইসলাম আমাদের _____ কবি। উঃ জাতীয়

৩। (ক) ঘরের লাইনের সাথে (খ) ঘরের লাইন মিল কর এবং খাতায় লিখঃ

১২

ক	খ
ক) শীতের ছুটিতে তুলি আর তপু যায়	পিঠা খাওয়া হয়।
খ) বাংলাদেশে শীতকালে	আছে মকতব।

গ) ভাপ দিয়ে তৈরি হয়	পিঠার জন্য বিখ্যাত।
ঘ) নানা ধরনের অনুষ্ঠানে	খেলা করে।
ঙ) শীতকালে গরম গরম পিঠার	ডাঁশা ডাঁশা পেয়ারা।
চ) একেক অঞ্চল একেক রকম	ভাপা পিঠা।
ছ) সবুজ গ্রামে গরমের সময়	ছিল সুরেলা।
জ) দুখু পাড়ার ছেলেদের নিয়ে	কাজী নজরুল ইসলাম।
ঝ) মসজিদের পাশেই	পিঠা পুলি খাওয়ার ধুম পড়ে।
ঞ) তিনি বাংলার নামকরা কবি	নানা রকম ফল পাকে।
ট) সবুজ পাতার মধ্যে	মজাই আলাদা।
ঠ) দুখুর গানের গলাও	নিজেদের গ্রামের বাড়ি।

উঃ

- ক) শীতের ছুটিতে তুলি আর তপু যায় - নিজেদের গ্রামের বাড়ি।
- খ) বাংলাদেশে শীতকালে - পিঠা পুলি খাওয়ার ধুম পড়ে।
- গ) ভাপ দিয়ে তৈরি হয় - ভাপা পিঠা।
- ঘ) নানা ধরনের অনুষ্ঠানে - পিঠা খাওয়া হয়।
- ঙ) শীতকালে গরম গরম পিঠার - মজাই আলাদা।
- চ) একেক অঞ্চল একেক রকম - পিঠার জন্য বিখ্যাত।
- ছ) সবুজ গ্রামে গরমের সময় - নানা রকম ফল পাকে।
- জ) দুখু পাড়ার ছেলেদের নিয়ে - খেলা করে।
- ঝ) মসজিদের পাশেই - আছে মকতব।
- ঞ) তিনি বাংলার নামকরা কবি - কাজী নজরুল ইসলাম।

ট) সবুজ পাতার মধ্যে - ডাঁশা ডাঁশা পেয়ারা।

ঠ) দুখুর গানের গলাও - ছিল সুরেলা।

১০। নিচের প্রশ্নগুলো পড় ও সঠিক উত্তরটি খাতায় লিখঃ

১২

ক) চালের গুঁড়ো দিয়ে নানা রকম কী তৈরি করা হয়? উঃ পিঠা

- i. পায়েস
- ii. পোলাও
- iii. পিঠা

খ) দাদি কী বানানোর জন্য ছাঁচে চালের গুঁড়ো নিলেন? উঃ ভাপা পিঠা

- i. সেমাই
- ii. পাটিসাপটা পিঠা
- iii. ভাপা পিঠা

গ) তপুর ফুফাতো ভাইটির নাম কী? উঃ অনু

- i. অনু
- ii. অপু
- iii. অস্ত

ঘ) তুলি আর তপু সাতদিন কোথায় থাকলো? উঃ বাড়িতে

- i. ঘরে
- ii. বাড়িতে
- iii. বাহিরে

ঙ) বাংলাদেশ কীসের দেশ? উঃ পিঠাপুলির

- i. মগা মিঠায়ের

- ii. ফিরনী পায়েসের
- iii. পিঠাপুলির

চ) শীতকালে এদেশের কোথায় নতুন ধান ওঠে? উঃ ঘরে ঘরে

- i. ঘরে ঘরে
- ii. ঝড়িতে ঝড়িতে
- iii. গ্রামে গ্রামে

ছ) দুখুর আসল নাম কী? উঃ কাজী নজরুল ইসলাম

- i. কাজী নজরুল ইসলাম
- ii. রবীন্দ্রনাথ ঠাকুর
- iii. আ ন ম বজলুর রশীদ

জ) দুখু কোন পুকুরের টলটলে পানিতে সাঁতার কাটে? উঃ তালপকুরের

- i. বেলপকুরের
- ii. তালপকুরের
- iii. জামপকুরের

ঝ) দুখু মুখে মুখে কি বেঁধে গাইত? উঃ গান

- i. গান
- ii. কথা
- iii. কবিতা

ঞ) দুখুর বাড়ির পাশে কী ছিল? উঃ মসজিদ

- i. বিদ্যালয়
- ii. মসজিদ
- iii. কলেজ

গ) কে মনে মনে কাঠবিড়ালি হতে চায়? উঃ দুখু

- i. দুখু
- ii. অপু
- iii. খুকু

গ) গাছপালায় ঘেরা গ্রামটির নাম কী? উঃ চুরুলিয়া

- i. বিরুলিয়া
- ii. আশুলিয়া
- iii. চুরুলিয়া

শিক্ষক -

শাহরিন সুলতানা মৌলী